71

দৈনিক সংবাদ

তারিখ 27 MAY 1998
পৃষ্ঠা ৩ কলাম ৫

# এইচএসসি পরীক্ষা কাল শুরু ❑ পরীক্ষার্থী ৫ লাখের বেশি

(নিজস্ব বার্তা পরিবেশক)

চলতি বছর এইচএসসি পরীক্ষায় ৫টি শিক্ষা বোর্ডের অধীনে ৫ লাখ ১১ হাজার ৫৯ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করবে। আগামীকাল বৃহস্পতিবার সারাদেশে এ পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।

জানা গেছে, এবার পরীক্ষার্থীর মধ্যে ৩ লাখ ২৫ হাজার ৫শ' ৩৫ জন ছাত্র এবং ১ লাখ ৮৫ হাজার ৫শ' ২৪ জন ছাত্রী। গত বছরের তুলনায় এবার ২ লাখ ১১ হাজারের মতো পরীক্ষার্থী কম। গত বছর এইচএসসিতে পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৭ লাখ ২২ হাজার ৮শ' ৫২ জন। এবার এইচএসসিতে পরীক্ষার্থীর সংখ্যা কম থাকার কারণ সম্পর্কে ঢাকা বোর্ডের এক কর্মকর্তা জানিয়েছেন, এই ব্যাচের ছাত্র-ছাত্রীরা এসএসসিতে কম উত্তীর্ণ হয়েছিল।

জানা গেছে, ঢাকা বোর্ডে এবার পরক্ষিার্থীর সংখ্যা ১ লাখ ৬৩ হাজার ৬শ' ৮৯জন। এর মধ্যে ছাত্র ৯৮ হাজার ৯শ' ৯৬ এবং ছাত্রী ৬৪ হাজার ৬শ' ৯৩ জন।

এইচএসসি ঃ পৃঃ ১১ কঃ ৪

## এইচএসসি ঃ পরীক্ষার্থী

( ১ম পৃষ্ঠার পর )

যশোর বোর্ডে ৯৩ হাজার ৫শ' ৩ জন পরীক্ষার্থীর মধ্যে ছাত্র সংখ্যা ৬০ হাজার ২শ' ৯৫ এবং ছাত্রী ৩৩ হাজার ২শ' ৮ জন।

রাজশাহী শিক্ষা বোর্ডে ১ লাখ ৩৭ হাজার ৭শ' ২৮ জন পরীক্ষার্থীর মধ্যে ছাত্র ৯৩ হাজার ১শ'৭৮ এবং ছাত্রী ৪৪ হাজার ৫শ' ৫০ জন। কুমিল্লা বোর্ডে ৭৭ হাজার ৯শ' ৮০ জন পরীক্ষার্থীর মধ্যে ছাত্র ৪৯ হাজার ৫শ' ৬৩ এবং ছাত্রী ২৮ হাজার ৪শ' ১৭ জন। চট্টগ্রাম বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা সবচেয়ে কম ৫৮ হাজার ১শ' ৫৯ জন। এর মধ্যে ২৩ হাজার ৫শ' ৩ জন ছাত্র এবং ১৪ হাজার ৬শ' ৫৬ জন ছাত্র।

ঢাকা শিক্ষা বোর্ডের সূত্র জানায়, সারাদেশে পরীক্ষার্থীদের এই সংখ্যা আরো ৪/৫ হাজার বাড়তে পারে। রেজিস্ট্রেশন-বিলম্ব হওয়া ছাত্রছাত্রীদের পরিসংখ্যান যোগ করা হলে এ সংখ্যা বেড়ে যাবে।